ঝিনাইদহে মরা ছাগলের মাংস বিক্রয়ের অভিযোগে এক জনকে কারাদন্ড

ঝিনাইদহ সদর উপজেলার কুমড়াবাড়িয়া ইউনিয়নের ডেফলবাড়ী এলাকায় মরা ছাগল জবাই করে মাংস বিক্রির অভিযোগে, একজনকে আটক করে এক মাসের বিনাশ্রম কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

আজ বুধবার বিকাল ৫টায় ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও জেলা প্রশাসনের নির্বাহী মাজিস্ট্রেট এস এম নুরুন্নবী এ শাস্তি প্রদান করেন।

দন্ডপ্রাপ্ত ব্যক্তি হলেন সদর উপজেলার নৈহাটি গ্রামের এনামুল মন্ডলের ছেলে সবুজ মন্ডল। সদর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মনোজ কুমার জানান, সদর উপজেলার গান্না হাট থেকে পাঁচটি মরা ছাগল অটোযোগে ডেফলবাড়ি গ্রামে নিয়ে এসে তা জবাই করে বিক্রির জন্য প্রস্তুত করছিল। পরে ঘটনাস্থলে জেলা গোয়েন্দা পুলিশের একটা দল তাদেরকে আটক করে।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক এসএম নুরুন্নবী জানান, অভিযুক্ত ওই ছাগল ব্যবসায়ী নিজের দোষ স্বীকার করলে তাকে নগদ এক হাজার টাকা জরিমানা ও এক মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়।